

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়  
পর্যটন অধিশাখা-১  
[www.mocat.gov.bd](http://www.mocat.gov.bd)


নং-৩০.০০.০০০০.১৫.০৬.০০৫.২০১৫- ০৮

তারিখ: ০৩/০১/২০১৮ খ্রি:

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় হতে নিবন্ধিত ও নিয়ন্ত্রিত ট্রাভেল এজেন্সিসমূহের নিবন্ধন ও নবায়ন কার্যক্রম গত ০১/০১/২০১৮ হতে অনলাইনে আরম্ভ করা হয়েছে। বাংলাদেশ ট্রাভেল এজেন্সী (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সী (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪-এর আওতায় পূর্ব হতে নিবন্ধিত এবং নতুন হিসেবে নিবন্ধনের অভিপ্রায়ে মন্ত্রণালয়ের সাথে সকল যোগাযোগ অন-লাইনে সম্পন্ন করা হবে।

২। এমতাবস্থায়, নতুন হিসেবে নিবন্ধন/নিবন্ধনকৃত ট্রাভেল এজেন্সিসমূহের নিবন্ধন/নবায়ন তথা যাবতীয় যোগাযোগ এর জন্য <https://www.regtravelagency.gov.bd>-তে লগ-ইন-এর মাধ্যম আবেদনসহ সকল বিষয়ে যোগাযোগ করতে হবে। ২৮/১২/২০১৭ তারিখের পর হতে অনলাইন ব্যতীত সরাসরি/ডাকযোগে/ই-মেইলে প্রাপ্ত কোন আবেদন মন্ত্রণালয় কর্তৃক গৃহিত হবে না। উল্লেখ্য, অনলাইনে নিবন্ধনকৃত নতুন ট্রাভেল এজেন্সির নিবন্ধন নম্বর ১২,০০০ হতে শুরু হবে।

  
( অঞ্জনা খান মজলিশ )  
উপ-সচিব  
ফোন: ৯৫৬৮৪০৪  
ই-মেইল: [tourism1@mocat.gov.bd](mailto:tourism1@mocat.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। সিনিয়র সচিব/সচিব (সকল মন্ত্রণালয়)
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল).....।
- ৪। জেলা প্রশাসক (সকল).....।
- ৫। সকল কর্মকর্তা, এ মন্ত্রণালয়।
- ৬। সভাপতি/মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ, সাতারা সেন্টার (১৬ তলা), ৩০/এ, নয়াপল্টন, ঢাকা ( বিষয়টি সকল সদস্য-কে অবহিত করার অনুরোধসহ )।
- ৭। সহকারী প্রোগ্রামার, এ মন্ত্রণালয় ওয়েব সাইডে প্রকাশের জন্য।